

আল-ফাজর | Al-Fajr | الْفَجْرُ

আয়াতঃ ৮৯ : ২১

আরবি মূল আয়াত:

كَلَّا إِذَا دُكَّتِ الْأَرْضُ دَكًّا دَكًّا ﴿٢١﴾

অনুবাদসমূহ:

কখনো নয়, যখন যমীনকে চূর্ণ-বিচূর্ণ করা হবে পরিপূর্ণভাবে। — আল-বায়ান

এটা মোটেই ঠিক নয়, যখন পৃথিবীকে চূর্ণ বিচূর্ণ করে বালি বানিয়ে দেয়া হবে, — তাইসিরুল

এটা সংগত নয়। পৃথিবীকে যখন চূর্ণ বিচূর্ণ করা হবে, — মুজিবুর রহমান

No! When the earth has been leveled - pounded and crushed - — Sahih International

২১. কখনো নয়।(১) যখন যমীনকে চূর্ণ-বিচূর্ণ করা হবে(২),

(১) অর্থাৎ তোমাদের কাজ এরকম হওয়া উচিত নয়। [ফাতহুল কাদীর]

(২) কাফেরদের মন্দ অভ্যাসসমূহ বর্ণনার পর আবার আখেরাতের আলোচনা করা হচ্ছে। বলা হচ্ছে যে, যখন ভূকম্পনের মত হয় সবকিছু ভেঙ্গে চুরমার হয়ে যাবে; তখন কার কি অবস্থা হবে একটু চিন্তা করা দরকার।

তাফসীরে জাকারিয়া

২১। না এটা সঙ্গত নয়! [1] যখন পৃথিবীকে ভেঙ্গে পূর্ণ-বিচূর্ণ করা হবে।

[1] অথবা তোমাদের আমল এমন হওয়া উচিত নয় যেমন উল্লেখ হয়েছে। কেননা, এক সময় আসবে “যখন ---- --।”

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6014>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন